

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৫০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. দ্বিতীয় অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

## আরবী

وَعَنْ أَبِي عُمَيْرِ بْنِ أَنَسٍ عَنْ عُمُومَةٍ لَهُ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّ رَكْبًا جَاءُوا إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَشْهَدُونَ أَنَّهُمْ رَأَوُا الْهِلَالَ بِالْأَمْسِ نَ فَأُمرِهِمْ أَن يَفطروا وَإِذَا أَصْبِحُوا أَن يَغْدُو إِلَى مصلاهم. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيِّ

#### বাংলা

১৪৫০-[২৫] আবৃ 'উমায়র ইবনু আনাস (রাঃ) কর্তৃক বর্ণিত। তিনি তাঁর এক চাচা হতে বর্ণনা করেছেন। তিনি ছিলেন সাহাবীদের অন্তর্ভুক্ত। (তিনি বলেন) একবার একদল আরোহী নবীকারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে সাক্ষ্য দিলো যে, তারা গতকাল (শাও্ওয়াল মাসের) নতুন চাঁদ দেখেছে। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদের সওম ভেঙ্গে ফেলার ও পরের দিন সকালে ঈদগাহের ময়দানে যেতে নির্দেশ দিলেন। (আবৃ দাউদ, নাসায়ী)[1]

# ফুটনোট

[1] সহীহ: আবূ দাঊদ ১১৫৭, নাসায়ী ১৫৫৭, ইবনু মাজাহ্ ১৬৫৩, মুসান্নাফ 'আবদুর রাযযাক্ত ৭৩৩৯, ইবনু শায়বাহ্ ৯৪৬১, আহমাদ ২০৫৮৪, শারহু মা'আনির আসার ২২৭৪, দারাকুত্বনী ২২০৪, ইরওয়া ৬৩৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (ﷺ النّبيّ النّبيّ النّبيّ النّبيّ النّبيّ النّبيّ النّبيّ ) একদল আরোহী নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসলেন এবং সাক্ষ্য দিলেন তারা গতকাল্য শাও্ওয়ায়েল নতুন চাঁদ দেখেছে। অর্থাৎ মদীনাতে রমাযান মাসের ত্রিশ রাত্রে চাঁদ দেখেনি, সুতরাং ত্রিশ তারিখে সওম পালন করেছেন, অতঃপর একটি দল আসলো এবং তারা সাক্ষ্য দিল যে, ত্রিশ রাত্রিতে চাঁদ দেখেছে। আহমাদ, ইবনু মাজাহ্ এবং দারাকুত্বনী ও বায়হাকীতে এসেছে, শাও্ওয়ালে চাঁদের ব্যাপারে আমাদের ওপর মেঘাচ্ছন্ন হলো। সুতরাং আমরা সওম পালন করলাম, অতঃপর দিনের শেষ প্রহরে একটি আরোহী দল আসলো এবং তারা সাক্ষ্য দিল, গতকাল তারা দেখেছে। ত্বাহাবী রিওয়ায়াতে সূর্য ঢলার পর



তারা সাক্ষ্য দিল। আল্লাম শাওকানী বলেনঃ হাদীসটি প্রমাণ করে ঈদের সালাত (সালাত/নামায/নামাজ) দ্বিতীয় দিন আদায় করা মাঝে সময় অতিবাহিত হবার পর যদি ঈদের সালাত আদায়ের জন্য কোন প্রমাণ না থেকে থাকে আর হাদীসটির সুস্পষ্ট ভাষ্য দ্বিতীয় দিন ঈদের সালাত আদায়যোগ্য ক্বাযা হিসেবে বিবেচিত হবে না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন